

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৩৫

তারিখ: ২০ চৈত্র ১৪২৮

০৩ এপ্রিল ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং- ১১১/২০২২ (রিট পিটিশন নং-৫৯৬৬/২০২১ হতে উদ্ভূত) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজামাটি পার্বত্য জেলাধীন রাজশুলী উপজেলার মৌজা- পোয়াইতু, হোল্ডিং-৪৯, খতিয়ান নং-১৫৮, দাগ নং- ৫৯৫,৫৯৬, ৫৯৭, ৫৯৮, ৫৯৯ এবং ৬০১, মোট জমির পরিমাণ- ১৮৯ (একশত উননকই) শতাংশ যাহা এল.এস কেস এর আওতায় অধিগ্রহণ না করিয়া এবং কোন প্রকার ক্ষতিপূরণ না দিয়ে উহাতে রাজশুলী তাইতংপাড়া সরকারী উচ্চ বিদ্যালয় নির্মাণ করিয়া সরকারি উচ্চ বিদ্যালয় পরিচালনা করিয়া আসিতেছে। জমির ক্ষতিপূরণ না পাওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে রাজামাটি জেলাধীন রাজামাটি সদর উপজেলার আলুটিলা গ্রামের মৃত যতিন কুমার তঞ্চঙ্গ্যা ছেলে জনাব জিন্দাধন তঞ্চঙ্গ্যাসহ মোট ০২ (দুই) জন রিট পিটিশন মামলা নং-৫৯৬৬/২০২১ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২৯.০৬.২০২১ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

The respondent No.4 the Director General, Secondary and Higher Education Directorate, Shikkha Bhaban, Abdul Gani Road Dhaka and Respondent No.5 Deputy Commissioner, Rangamati Hill District Rangamati are directed to dispose of the application/representation dated 24.07.2019 and 23.10.2018 annexure-I and annexure-C-2 to the writ petition submitted before them by the petitioners within a period of 90 (ninety working days from the date of receipt of the order, in accordance with law and communicate.”

২। বর্গিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং- ১১১/২০২২ (রিট পিটিশন নং-৫৯৬৬/২০২১ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর পক্ষ থেকে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো;

(ক) কনটেম্পট পিটিশন নং- ১১১/২০২২ (রিট পিটিশন নং-৫৯৬৬/২০২১ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩-৪-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৩৫/১

তারিখ: ২০ চৈত্র ১৪২৮
০৩ এপ্রিল ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩-৪-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব